গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
পায়রা বন্দর কর্তৃপক্ষ
এমআইএস বিভাগ
www.ppa.gov.bd
কলাপাড়া, পটুয়াখালী

**ই-গভর্ন্যান্স ও ইনোভেশন টীমের সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | কমান্ডার মোহাম্মদ মাহমুদুল হাসান খান, (এইচ২), পিএসসি, বিএন চীফ হাইড্রোগ্রাফার, পায়রা বন্দর কর্তৃপক্ষ ও ইনোভেশন অফিসার, ই-গভর্ন্যান্স ও ইনোভেশন টিম। |
| সভার তারিখ | **নভেম্বর ১৬, ২০২৩ ইং।** |
| সভার সময় | **সকাল ১০:৩০ ঘটিকা।** |
| স্থান | প্রশাসনিক ভবনের ৪র্থ তলা সভাকক্ষ, পায়রা বন্দর কর্তৃপক্ষ, কলাপাড়া, পটুয়াখালী। |
| উপস্থিতি | পরিশিষ্ট ‘ক’-উপস্থিতি শিট। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাh©ক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপ-পরিচালক (প্রোগ্রামার), এমআইএস বিভাগ, পায়রা বন্দর কর্তৃপক্ষ, সভার প্রারম্ভে ই-গভর্ন্যান্স ও ইনোভেশন কার্যক্রম ও বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এ অন্তর্ভুক্ত কর্মসম্পাদন সূচকের সার্বিক মূল্যায়নে ইনোভেশন কার্যক্রমের গুরুত্ব তুলে ধরেন এবং সেবা সহজীকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারনার প্রস্তাবনা সংক্রান্ত চেয়ারম্যান মহোদয়ের নির্দেশনা সকলকে অবহিত করেন। ই-গভর্ন্যান্স ও ইনোভেশন কার্যক্রমের কর্মপরিকল্পনার বিপরীতে অর্জিত অগ্রগতি ও সেবা সহজীকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারনার প্রস্তাবনার বিষয়ে সভার সদস্যগণ আলোচনায় অংশগ্রহণ করেন। সভার বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপে সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্র. নং | বিষয় | আলোচনা | **সিদ্ধান্ত** | **বাস্তবায়নকারী** |
|---|---|---|---|---|

| | | | | |
|---|---|---|---|---|
| ১ | সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন | ১. সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে উপ-পরিচালক (প্রোগ্রামার), এমআইএস বিভাগ, পাবক উপ-পরিচালক (নিরাপত্তা), পাবককে উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে উপস্থাপনের অনুরোধ করেন।<br>২. উপ-পরিচালক (নিরাপত্তা), পাবক সভাকে অবহিত করেন যে, পায়রা বন্দর এলাকায় প্রবেশে অনলাইন ভিত্তিক "স্মার্ট এক্সেস ম্যানেজমেন্ট সিস্টেম" ব্যবহার করে পায়রা বন্দর এলাকায় প্রশাসনিক ও অপারেশন কাজে বন্দরের কর্মকর্তা, কর্মচারী ও বন্দর ব্যবহারকারীগণ প্রতিনিয়ত বন্দর এলাকায় প্রবেশ/প্রস্থান করেন। অনলাইন সিস্টেমে বন্দরের স্থায়ী/অস্থায়ী আইডি কার্ড প্রদানের সামগ্রিক প্রক্রিয়া সহজীকরণের আলোচনা করেন এবং স্মার্ট এক্সেস ম্যানেজমেন্ট শীর্ষক ইনোভেশন প্রকল্পটির আওতায় এক্সেস কন্ট্রোল রিডার স্থাপন করা হয়েছে বলে তিনি সভাকে অবহিত করেন। পাবকের কর্মকর্তা/কর্মচারীদের ডাটা (ফেস/ফিঙ্গার ইত্যাদি) আপলোডের কাজ চলমান রয়েছে। এ ছাড়াও স্মার্ট এক্সেস ম্যানেজমেন্ট শীর্ষক ইনোভেশন প্রকল্পটির আওতায় Baggage Scanner, Archway, Hand Metal Detector and related accessories ক্রয়ের দরপত্র মূল্যায়নের কাজ চলমান রয়েছে। তাছাড়ও স্মার্ট এক্সেস ম্যানেজমেন্ট শীর্ষক ইনোভেশন প্রকল্পটির আওতায় সফটওয়্যার ক্রয়ের দরপত্র শ্রীঘ্রই আহব্বান করা হবে। | ১. পায়রা বন্দর এলাকায় প্রবেশে অনলাইন ভিত্তিক "স্মার্ট এক্সেস ম্যানেজমেন্ট সিস্টেম" বাস্তবায়নের লক্ষ্যে নির্ধারিত সময়সীমা নভেম্বর ২৫ তারিখের মধ্যে দরপত্র আহবান করতে হবে এবং মার্চ ১৬, ২০২৪ ইং তারিখের মধ্যে বাস্তবায়ন ও অর্থ ব্যয় সম্পন্ন করতে হবে। | ১. উপ-পরিচালক (নিরাপত্তা), পাবক।<br>২. ই-গভর্ন্যান্স ও ইনোভেশন টীম। |
| ২ | সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা প্রস্তাবনা | সেবা সহজীকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারনার প্রস্তাবনা সংক্রান্ত সভা আগস্ট ২৪, ২০২৩ ইং তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় পাবকের বিভিন্ন বিভাগ হতে প্রাপ্ত উদ্ভাবনী ধারণা প্রস্তাবনা নিয়ে ERP সফটওয়্যার বাস্তবায়ন ডেমো সেশনে সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণাগুলো নিয়ে আলোচনা করা হয়। | ERP সফটওয়্যার বাস্তবায়ন করার জন্য ডেমো সেশনের আয়োজন করতে হবে। | ১. উপ-পরিচালক (প্রোগ্রামার), এমআইএস বিভাগ, পাবক। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩ | সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণার প্রশিক্ষণ আয়োজন | রিকুইজিশন ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার ব্যবহার করা বিষয়ে প্রশিক্ষনের জন্য সংশ্লিষ্ট বিভাগকে প্রশিক্ষণের মনোনয়র চেয়ে পত্র প্রেরণ করা হয়। উক্ত প্রশিক্ষণে মেরিন এন্ড কনজারভেন্সি বিভাগ, ইলেকট্রিক্যাল বিভাগ, পরিবহন এবং অর্থ ও হিসাব বিভাগ কর্তৃক মনোনয়নকৃত কর্মকর্তা-কর্মচারীগণের নামের তালিকা প্রেরণ করে। প্রশিক্ষণের সকল প্রস্তুতি গ্রহণ করা হয়েছে এবং রির্সোস পার্সোনদের নির্ধারিত সময়/তারিখ অনুযায়ী প্রশিক্ষণের আয়োজন করা হবে বলে উপ-পরিচালক (প্রোগ্রামার), এমআইএস বিভাগ, সভাকে অবহিত করেন। | ডিসেম্বর, ২০২৩ মাসের মধ্যে প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | ১. উপ-পরিচালক (প্রোগ্রামার), এমআইএস বিভাগ, পাবক। |
| ৪ | স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মশালা/সভা/সেমিনার আয়োজন | স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মশালা/সভা/সেমিনার আয়োজন করার বিষয়ে উপ-পরিচালক (প্রোগ্রামার), এমআইএস বিভাগ সভাকে অবহিত করেন যে, ই-গভর্ন্যান্স ও ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ অর্থ বছরে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মশালা/সভা/সেমিনার আয়োজিত লক্ষ্য মাত্রা ছিল ০২টি। ০২টি কর্মশালা/সভা/সেমিনার সম্পন্ন হয়েছে। পাবকের চেয়ারম্যান মহোদয় আরো ০১টি কর্মশালা/সভা/সেমিনার আয়োজন করার জন্য নিদের্শনা প্রদান করেছেন। | নির্ধারিত সময়ের মধ্যে ০১টি কর্মশালা/সভা/সেমিনার আয়োজন করতে হবে। | ১. উপ-পরিচালক (প্রোগ্রামার), এমআইএস বিভাগ, পাবক।<br>২. ই-গভর্ন্যান্স ও ইনোভেশন টীম। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

০২-১২-২০২৩
কমান্ডার মোহাম্মদ মাহমুদুল হাসান খান, (এইচ২), পিএসসি, বিএন চীফ হাইড্রোগ্রাফার, পায়রা বন্দর কর্তৃপক্ষ ও ইনোভেশন অফিসার, ই-গভর্ন্যান্স ও ইনোভেশন টীম।

তারিখ: ১৭ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
০২ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**নম্বর:** ১৮.২১.৭৮৬৬.০০৬.০৫.০০১.২০.৩২২

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। উপ-পরিচালক (ব্রেক বাল্ক), পরিবহণ বিভাগ, পায়রা বন্দর কর্তৃপক্ষ ;
২। নির্বাহী প্রকৌশলী (জেটি), সিভিল বিভাগ, পায়রা বন্দর কর্তৃপক্ষ ;
৩। পাইলট, মেরিন এন্ড কনজারভেন্সী বিভাগ, পায়রা বন্দর কর্তৃপক্ষ ;
৪। যুগ্ম পরিকল্পনা প্রধান (অতিরিক্ত দায়িত্ব), পরিকল্পনা বিভাগ, পায়রা বন্দর কর্তৃপক্ষ এবং
৫। সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ), ইলেক্ট্রিক্যাল বিভাগ, পায়রা বন্দর কর্তৃপক্ষ ।

০২-১২-২০২৩
মোহাম্মদ ছোয়াদরুল আমিন
উপ-পরিচালক (প্রোগ্রামার), এমআইএস বিভাগ

**সকল সংযুক্তিসমূহ:**

(১) Attendence Sheet_2023_11_16